


MAR. 30 2002

চৈত্রি ১৩২০



**চট্টগ্রাম বিআইটিকে দ্রুত  
প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে রূপান্তরে  
প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা**

চট্টগ্রাম ব্যুরো ৪ চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন সংগ্রাম পরিষদ আয়োজিত মতবিনিময় সভায় বক্তারা বিআইটি চট্টগ্রামকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অধীনে পূর্ণাঙ্গ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে দ্রুত রূপান্তরে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কর্তৃক চট্টগ্রাম বিআইটিকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ঘোষণায় কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাতে পূর্বে বুধবার এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

নগরীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে সংগ্রাম পরিষদের আহ্বায়ক প্রকৌশলী ডঃ জাহাঙ্গীরের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন বিআইটি চট্টগ্রামের পরিচালক প্রকৌশলী শ্যামল কান্তি বিশ্বাস। বিশেষ অতিথি ছিলেন ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট চট্টগ্রামের চেয়ারম্যান প্রকৌশলী মোহাম্মদ শাহজাহান। আলোচনায় অংশ নেন প্রকৌশলী এম হারুন, প্রকৌশলী দেলোয়ার, প্রকৌশলী জহরুল হক, প্রকৌশলী নূরুল করিম প্রমূখ।